দৈনিক ইত্তেফাক

তারিখ DEC. 0 9 1999
পৃষ্ঠা ১ কলাম ৮

23

### ছাত্র শিক্ষকদের সড়ক অবরোধ অব্যাহত

# চট্টগ্রামে সার্বিক চিকিৎসা ব্যবস্থায় অচলাবস্থা

*চট্টগ্রাম অফিস ॥ মেডিক্যাল কলেজের একজন শিক্ষকের উপর সন্ত্রাসীদের হামলার ঘটনাকে কেন্দ্র করিয়া গতকাল বুধবার দ্বিতীয় দিনের মত চট্টগ্রামে চিকিৎসা ব্যবস্থায় অচলাবস্থা বিরাজ করে। মেডিক্যাল কলেজের বিক্ষুব্ধ শিক্ষক-ছাত্ররা হাসপাতালের সম্মুখ প্রায় অর্ধ কিলোমিটার সড়কে ব্যারিকেড দিয়া যান চলাচল বন্ধ করিয়া রাখে। ফলে প্রাইভেট প্রাকটিস ও প্রাইভেট ক্লিনিক বন্ধ*

(২য় পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রামে সার্বিক চিকিৎসা

(প্রথম পৃষ্ঠার পর)

রাখিয়া জরুরী ও দুঃস্থ রোগীদের জন্য হাসপাতাল চালু রাখার সিদ্ধান্তের সুফল হইতে অধিকাংশ রোগী বঞ্চিত হইয়াছে। বিভিন্ন স্থান হইতে আগত রোগীদের ব্যারিকেডের মুখে ফিরিয়া যাইতে হইয়াছে। হাসপাতাল অঙ্গনে এবং আশপাশে সব ধরনে যানবাহনের প্রবেশ নিষিদ্ধ থাকায় হাসপাতাল হইতে ছাড় নেওয়া এমনকি চিকিৎসা নিয়া রোগীদের ফিরিতে অবর্ণনীয় দুর্ভোগের শিকার হইতে হয়।

গত সোমবার রাতে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালের সম্মুখে কলেজের অধ্যাপক নীলকান্ত ভট্টাচার্যের চেম্বারে কতিপয় সন্ত্রাসী আকস্মিক হানা দিয়া তাহাকে বেদমভাবে প্রহার করিয়া জখম করে। এ ঘটনার প্রতিবাদে গত মঙ্গলবার সকাল হইতে একদল বিক্ষুব্ধ মেডিক্যাল ছাত্র হাসপাতালের আশপাশের সড়কে ব্যাপক বিক্ষোভ প্রদর্শন ও ভাংচুর করে। পরে বিএমএ শিক্ষক সমিতিসহ মেডিক্যাল কলেজ ও চিকিৎসকদের বিভিন্ন সংগঠন যৌথভাবে প্রতিবাদী কর্মসূচী গ্রহণ করে। এ কর্মসূচীতে কথিত চিহ্নিত সন্ত্রাসীদের গ্রেফতার না করা পর্যন্ত চট্টগ্রামে প্রাইভেট প্রাকটিস ও প্রাইভেট ক্লিনিক বন্ধ রাখা এবং মেডিক্যাল কলেজ হাসপাতাল সম্মুখস্থ সড়কটিতে অবরোধ বজায় রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা দোষীদের গ্রেফতারের জোর তৎপরতা চলিতেছে বলিয়া জানান এবং ব্যারিকেড অপসারণের অনুরোধ জানান।

গতকাল সকালে ক্যাম্পাসে মেডিক্যাল শিক্ষক, ছাত্র, বিএমএসহ সংশ্লিষ্ট বিভিন্ন সংগঠনের উদ্যোগে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম বিএমএ সভাপতি এল,এ কাদেরীর সভাপতিত্বে উক্ত সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সৈয়দা নূরজাহান ভুঁইয়া, অধ্যাপক শুভাগত চৌধুরী, এম,এ তাহের খান, হাসপাতাল পরিচালক ব্রিগেডিয়ার শাহজাহান এবং ছাত্র সংসদ নেতৃবৃন্দ।

### ফুসলাইয়া আনা কিশোরীর জবানবন্দি

চট্টগ্রাম মেডিক্যাল কলেজের অধ্যাপক ডাঃ নীলকান্ত ভট্টাচার্যের উপর দ্বিতীয় বারের মত হামলার অভিযোগে গ্রেফতারকৃত চট্টগ্রাম মেডিক্যাল কলেজ ছাত্র ফেরদৌস আহমদ ফয়সলের, সঙ্গিনী লিমা আকতার নয়ন (১৪) গতকাল বুধবার আদালতে ১৬৪ ধারায় জবানবন্দি দিয়াছে। জবানবন্দিতে চট্টগ্রাম মেডিক্যাল কলেজের ৫ম বর্ষের ছাত্র ফয়সল ডাঃ নীলকান্ত ভট্টাচার্যের উপর হামলার সহিত জড়িত ছিল বলিয়া লিমা আদালতকে জানাইয়াছে। সে আরও জানায়, ফয়সল তাহাকে নানা প্রলোভন দিয়া ঢাকার গোড়ানের বাসা হইতে চট্টগ্রামে নিয়া আসে। সে তাহাকে নিয়া চট্টগ্রাম শহরের বিভিন্ন হোটেলে রাত্রি যাপন করে।